

ঢাকা ওয়াসা

৯।

২০২৬-২০২৭ ইং অর্থ বৎসরের বাজেট বরাদ্দের কপি।

১।

স্থিতিচিত্র।

৩।

প্রাক্কলন।

বিষয়ঃ 315 mm Sluice Valve Chamber repair work at Madrasha Road, Purbo Kazipara in front of Madrasha Road Pump area of DMA 1006 Under MODS Zone-10, Dhaka WASA. কাজের প্রাক্কলন অনুমোদন প্রসঙ্গে।

০১। উপরোক্ত বিষয় ও সংযুক্ত ক্রমিক নং-১ হতে ৩ দয়া করে দেখা যেতে পারে। নিয়মিত মাঠ পর্যায়ে পরিদর্শনকালে দেখা যায় যে, ঢাকা ওয়াসা মডস জোন-১০ এর আওতাধীন ডিএমএ-১০০৬ এর কাজীপাড়া মাদ্রাসা রোড পাম্পের সামনে সংশ্লিষ্ট Sluice Valve Chamber-এর আর.সি.সি. স্ল্যাব, ইটের গাঁথুনি, প্লাস্টার এবং চেম্বারের ঢাকনা বিভিন্ন স্থানে ক্ষতিগ্রস্ত হয়েছে। চেম্বারের ভেতরে মাটি ও আবর্জনা জমে থাকায় ভালভ পরিচালনা ব্যাহত হচ্ছে। এছাড়া বৃষ্টির পানি প্রবেশের কারণে চেম্বারের অভ্যন্তরে পানি জমে ভালভের ধাতব অংশে মরিচা সৃষ্টি হচ্ছে, যা ভবিষ্যতে ভালভের কার্যকারিতা নষ্ট হওয়ার ঝুঁকি তৈরি করছে। সংশ্লিষ্ট Sluice Valve টি পানি সরবরাহ লাইনের একটি গুরুত্বপূর্ণ নিয়ন্ত্রণ ভালভ। জরুরি মেরামত, পাইপলাইন রক্ষণাবেক্ষণ এবং নিরবচ্ছিন্ন পানি সরবরাহ নিশ্চিত করার জন্য চেম্বারটি নিরাপদ ও ব্যবহারযোগ্য অবস্থায় রাখা অত্যন্ত জরুরি। উক্ত কাজটি মেরামত করতে ঢাকা ওয়াসার রেট সিডিউল, ওয়াসা কর্তৃক নির্ধারিত বাজার দর ও পূর্বানুমোদিত দর এবং পিডব্লিউডি ২০২২ দর অনুযায়ী একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। প্রাক্কলনে সর্বমোট টাকার পরিমাণ দাঁড়িয়েছে = ৪৬২৩৪/- (ছেচল্লিশ হাজার দুইশত চৌত্রিশ) টাকা মাত্র। কাজটির ব্যয়ভার অত্র জোনের ২০২৬-২৭ ইং অর্থ বছরের বাজেট বরাদ্দের "Water Line Maintenance" খাত হতে নির্বাহ করা যেতে পারে।

০২। এমতাবস্থায়, 315 mm Sluice Valve Chamber repair work at Madrasha Road, Purbo Kazipara in front of Madrasha Road Pump area of DMA 1006 Under MODS Zone-10, Dhaka WASA. কাজটি করতে প্রাক্কলিত = ৪৬২৩৪/- (ছেচল্লিশ হাজার দুইশত চৌত্রিশ) টাকা এর ব্যয় পিপিআর-২০২৫ এর ৯৯ (১) (ড) বিধি মোতাবেক মেসার্স এফ বি এন্টারপ্রাইজ এর সহিত সরাসরি চুক্তির মাধ্যমে সম্পাদন করা যেতে পারে যা প্রধান প্রকৌশলী মহোদয়ের আর্থিক ক্ষমতার আওতাধীন।

২৭.০৭.২৬
দুলাল রায়
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১০, ঢাকা ওয়াসা।

AE

২২/০৭/২৬

EE

২২/৭/২৬

Md. Asaduzzaman
Executive Engineer
MODS Zone-10, Dhaka WASA

SE (m/ops - 2 জি)

০২/০৮/২৬

প্রকৌশলী মোঃ শাহ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-২, ঢাকা ওয়াসা।

২২

SE MODS-2

০৬/০৭/২০২৬
আলমগীর হাছিম আহমেদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।